**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 21-01-2026** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) ন্যুনতম ১৫ হাজার টাকা ভাতা সহ আট দফা দাবিতে রাজ্যের আশাকর্মীদের স্বাস্থ্য ভবন অভিযানকে কেন্দ্র করে ধুন্ধুমার বাধে।

আশাকর্মীদের আন্দোলনের পরেও সরকার তাদের নির্দিষ্ট হারে মাসিক ভাতা দেওয়ার দাবি মেনে নেয়নি বলে আশা কর্মী ইউনিয়নের রাজ্য সম্পাদক ইস্মোতারা খাতুন জানিয়েছেন।

বিরোধী দলগুলি আশাকর্মীদের ওপর আজকের আক্রমণের তীব্র নিন্দা করেছে।

২) ভোটার তালিকায় বেআইনী ভাবে নাম তোলার অভিযোগে চিহ্নিত চার আধিকরিকের বিরুদ্ধে রাজ্য সরকার কি ব্যবস্থা নিয়েছে, তা ৭২ ঘন্টার মধ্যে জানতে চেয়েছে নির্বাচন কমিশন।

৩) আইএসএফ-এর প্রতিষ্ঠা দিবসে দলের নেতা নৌশাদ সিদ্দিকির বিভিন্ন ইস্যুতে রাজ্য সরকারের সমালোচনা। আসন্ন নির্বাচেন তৃণমূল বিরোধী জোট বাধার আহ্বান।

৪) কেন্দ্র, অটল পেনশন যোজনার মেয়াদ ২০৩০-৩১ সাল পর্যন্ত বাড়ানোর অনুমতি দিয়েছে।

৫) ডব্লিউবিসিএস আধিকারিকদের পদোন্নতির পথ মসৃণ করতে রাজ্য সরকার বিশেষ সচিব এবং যুগ্ম সচিব স্তরে নতুন পদ সৃষ্টি করার কথা ঘোষণা করেছে।

৬) জাতীয় ফুটবল প্রতিযোগিতায় বাংলা প্রথম ম্যাচে নাগাল্যান্ডকে ৪-০ গোলে পরাজিত করেছে।

---

ন্যুনতম ১৫ হাজার টাকা ভাতা সহ আট দফা দাবিতে রাজ্যের আশাকর্মীদের স্বাস্থ্য ভবন অভিযানকে কেন্দ্র করে ধুন্ধুমার বাধে। রণক্ষেত্রের চেহারা নেয় স্বাস্থ্য ভবন এবং ধর্মতলা চত্বর। জেলায় জেলায় পুলিশের বিরুদ্ধে আশাকর্মীদের মিছিল আটকানো ও ট্রেনে উঠতে বাধা দেওয়ার অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। স্বাস্থ্য ভবনের সামনে এবং ধর্মতলায় পুলিশের ব্যারিকেড ভেঙে আন্দোলনকারীরা এগনোর চেষ্টা করলে দু পক্ষের ধস্তাধস্তি বাধে। দিনভর চাপানোতরের পর বিকেলে আশাকর্মীদের ৫ সদস্যের এক প্রতিনিধি দল স্বাস্থ্যভবনে গিয়ে দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। যদিও সেখানে উপস্থিত ছিলেন না স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম। একটি প্রতিবেদন -

ভয়েসকাস্ট

---

আশাকর্মীদের আন্দোলনের পরেও সরকার তাদের নির্দিষ্ট হারে মাসিক ভাতা দেওয়ার দাবি মেনে নেয়নি বলে আশা কর্মী ইউনিয়নের রাজ্য সম্পাদক ইস্মোতারা খাতুন জানিয়েছেন। তবে বকেয়া ভাতা মিটিয়ে দেওয়া হবে বলে আশ্বাস পাওয়া গেছে। তিনি আরও জানিয়েছেন, আশাকর্মীদের আজকের আন্দোলনকে দমন করার জন্য সরকার যেভাবে বলপ্রয়োগ করেছে, তার প্রতিবাদে আগামীকাল রাজ্য জুড়ে ধিক্কার দিবস পালন করা হবে।

বাইট ইস্মোতারা খাতুন

এদিকে, আশাকর্মীদের ওপর পুলিশের আজকের প্রতিরোধকে বর্বোরোচিত আখ্যা দিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

বাইট শুভেন্দু

আশা কর্মীদের প্রত্যেকটি দাবি ন্যায়সঙ্গত বলে মন্তব্য করেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

বাইট সুকান্ত

আশা কর্মীদের ন্যায্য আন্দোলনে ভয় পেয়েই মুখ্যমন্ত্রীর পুলিশ প্রশাসন তাদের বাধা দিয়েছে এবং গ্রেপ্তার করেছে বলে বিজেপির মুখপাত্র অমিত মালব্য মন্তব্য করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি অভিযোগ করেন, সাংবিধানিক মূল্যবোধ, আইন এবং নৈতিকতার উর্ধ্বে গিয়ে আশা কর্মীদের শান্তিপূর্ণ আন্দোলনকে প্রতিহত করার চেষ্টা হয়েছে।

আশাকর্মীদের আন্দোলনে পুলিশের বাধাদানের ঘটনায় নিন্দা করেছেন এসইউসিআই (কমিউনিস্ট)-এর রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য। এক বিবৃতিতে তিনি বলেছেন, আন্দোলনকারীরা কেউ সমাজ বিরোধী নন, তবুও রাজ্য সরকার বাস্তবে তাদের বিরুদ্ধে একরকম যুদ্ধ ঘোষণা করেছে। রাজ্য কমিটির পক্ষ থেকে পুলিশ কমিশনারকে এব্যাপারে চিঠিও দেওয়া হয়েছে বলে তিনি জানান।

আশাকর্মীদের আন্দোলন ন্যায়সঙ্গত বলে জানিয়েছেন মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতি।

পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী ইউনিয়নের তরফেও পুলিশের আচরণের নিন্দা জানানো হয়েছে।

এদিকে, স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য জানিয়েছেন, রাজ্য সরকার আশাকর্মীদের পাশে রয়েছে। যদিও এই আন্দোলনের পেছনে রাজনৈতিক ইন্ধনের অভিযোগ তুলেছেন তিনি।

----------------------------

ভোটার তালিকায় বেআইনীভাবে নাম তোলার অভিযোগে চিহ্নিত চার আধিকরিকের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের দায়ে রাজ্য সরকার কি ব্যবস্থা নিয়েছে, তা নিয়ে ৭২ ঘন্টার মধ্যে মুখ্য সচিবের কাছে জবাব তলব করেছে নির্বাচন কমিশন। আগামী ২৪ জানুয়ারি বিকেল পাঁচটার মধ্যে ঐ চারজনের বিরুদ্ধে গৃহীত বিভাগীয় মামলার সম্পূর্ণ নথি কমিশনে জমা দিতে হবে।

উল্লেখ্য, এসআইআর প্রক্রিয়া ঘিরে অনিয়মের অভিযোগে বারুইপুর পূর্বের ইআরও দেবোত্তম দত্ত চৌধুরী, এইআরও তথাগত মণ্ডল, ময়না বিধানসভার ইআরও বিপ্লব সরকার এবং এইআরও সুদীপ্ত দাসের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপের সুপারিশ করেছিল কমিশন। সেই অনুযায়ী বিভাগীয় তদন্ত শুরু হলেও, চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে বাধ্যতামূলক পরামর্শ করার নিয়ম মানা হয়নি বলে প্রাথমিকভাবে মত কমিশনের। এমনকি একজন আধিকারিককে বেকসুর খালাস এবং আরেকজনকে সামান্য শাস্তি দেওয়ার সিদ্ধান্ত হলেও, তা কমিশনের অনুমোদন ছাড়াই কার্যকর করা হয়েছে বলে অভিযোগ।

----------------------------

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার পদ্ধতিগত সরলীকরণ ও সময়সীমা বাড়ানোর দাবি নিয়ে রাজ্যের বিডিও - দের সংগঠন নির্বাচন কমিশনের দ্বারস্থ

হয়েছে। মুখ্য নির্বাচন আধিকারিককে পাঠানো এক স্মারকলিপিতে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার্স অ্যাসোসিয়েশন জানিয়েছে, এসআইআর চলাকালীন বহু যুগ্ম বিডিও বর্তমানে অ্যাসিস্ট্যান্ট ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন। শুনানি পর্বে তাদের লজিক্যাল ডিসক্রিপেন্সি সংক্রান্ত বিপুল সংখ্যক মামলা নিষ্পত্তিতে আইনি ও প্রশাসনিক ও সমস্যার মুখে পড়তে হচ্ছে। চিঠিতে আরও বলা হয়েছে, এআই-ভিত্তিক চিহ্নিতকরণ শুধুমাত্র সহায়ক তথ্য হতে পারে, কিন্তু তা আইনি অনুসন্ধানের বিকল্প নয়। এর ফল হিসেবে শুনানি পর্বে আইনশৃঙ্খলা সমস্যারও আশঙ্কা তৈরি হচ্ছে। বিডিও অফিসে ভাঙচুর বা আধিকারিকদের উপর আক্রমণের ঘটনাও সামনে এসেছে। তাই লজিক্যাল ডিসক্রিপেন্সি নিষ্পত্তির জন্য একক ও আইনসঙ্গত নির্দেশিকা জারি করা, বিস্তারিত এসওপি, মডেল আদেশনামা ও নথি যাচাইয়ের তালিকা দেওয়ার অনুরোধ জানানো হয়েছে। সময়সীমা বৃদ্ধি এবং সৎ উদ্দেশ্যে কাজ করা ইআরও ও এইআরওদের আইনি ও প্রাতিষ্ঠানিক সুরক্ষা দেওয়ার কথাও বলা হয়েছে।

---------------------------

ইন্ডিয়ান সেকুল্যার ফ্রন্ট-আইএসএফ-এর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ শহীদ মিনার চত্বরে এক জনসভার আয়োজন করা হয়। দলের নেতা, ভাঙরের বিধায়ক নৌশাদ সিদ্দিকি আজ সভামঞ্চ থেকে বিভিন্ন ইস্যুতে রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে সমালোচনায় সরব হন। ভুয়ো তপশিলী শংসাপত্র দেওয়ার ফলে প্রকৃত প্রাপকরা চাকরী ও অন্যান্য সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন বলে অভিযোগ করেন তিনি। আসন্ন নির্বাচনে বামফ্রন্ট এবং কংগ্রেসের সঙ্গে জোট গড়তে ISF প্রস্তুত বলে তিনি জানান।

এদিকে, সল্টলেকের স্বাস্থ্যভবনে আশাকর্মীদের অভিযান এবং শহিদ মিনারে আইএসএফ-এর সভা এই দুই কর্মসূচীকে কেন্দ্র করে শহর কলকাতায় তীব্র যানজটের সৃষ্টি হয়। সেক্টর ফাইভ, ইএম বাইপাস, মধ্য কলকাতার এ জে সি বোস রোড, এস এন ব্যানার্জী রোড সহ বিভিন্ন রাস্তায় থমকে যায় যান চলাচল।

----------------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ' বিকশিত ভারতের লক্ষ্যে ব্যবসা ব্যবস্থার সরলীকরণ ' । বিশেষ অতিথি প্রযুক্তিবিদ তথা আর্থিক বিশ্লেষক সুদীপ্ত গুহ'-র সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

----------------------------

সরকার, অটল পেনশন যোজনার মেয়াদ ২০৩০-৩১ সাল পর্যন্ত বাড়ানোর অনুমতি দিয়েছে। এই প্রকল্পের অধীনে উন্নয়নমূলক কাজ চালিয়ে যাওয়ার জন্য তহবিল সম্প্রসারণের বিষয়েও অনুমোদন দেওয়া হয়েছে। অসংগঠিত ক্ষেত্রের কর্মীদের প্রবীণ বয়সে আয়ের সুরক্ষা নিশ্চিত করতে ২০১৫ সালের মে মাসে এই প্রকল্পের সূচনা হয়েছিল। নতুন দিল্লীতে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ এই সিদ্ধান্ত নেওয়া হয়।

উল্লেখ্য, এই প্রকল্পের অধীনে উপভোক্তাদের দেয় অর্থের ওপর ভিত্তি করে ৬০ বছর বয়সের পর নূন্যতম দেড় হাজার টাকা থেকে ৫ হাজার টাকা পর্যন্ত পেনশন

প্রদানের সুবিধা রয়েছে। এ যাবত ৮ কোটি ৬৬ লক্ষ উপভোক্তা এই প্রকল্পের অধীনে নাম নথিভুক্ত করেছেন।

---------------------------

রাজ্য পুলিশের মহানির্দেশক নিয়োগ নিয়ে প্রস্তাব পাঠানোর জন্য পশ্চিমবঙ্গ সরকারকে ৪৮ ঘণ্টার সময়সীমা বেঁধে দিয়েছে কেন্দ্রীয় প্রশাসনিক ট্রাইবুনাল (ক্যাট)। ২৩ জানুয়ারির মধ্যে ডিজি  পদে নিয়োগের জন্য  ইউপিএসসি-র কাছে প্রস্তাব পাঠাতে হবে। তার প্রেক্ষিতে ২৮ তারিখ ইউপিএসসি র-কমিটি প্যানেল প্রস্তুত করবে। ২৯ তারিখের মধ্যে তা রাজ্যকে পাঠাবে ইউপিএসসি।

---------------------------

রাজ্যের ডব্লিউবিসিএস আধিকারিকদের পদোন্নতির পথ মসৃণ করতে  রাজ্য সরকার বিশেষ সচিব এবং যুগ্ম সচিব স্তরে নতুন পদ সৃষ্টি করার কথা ঘোষণা করেছে। আজ নবান্ন থেকে জারি করা বিজ্ঞপ্তিতে বিশেষ সচিব পদে অতিরিক্ত ৪০টি এবং যুগ্মসচিব স্তরে আরও ১০০টি নতুন পদ সৃষ্টির কথা জানানা হয়েছে।

---------------------------

গতবারের বিজয়ী বাংলা জয় দিয়ে জাতীয় ফুটবল সন্তোষ ট্রফি অভিযান আজ শুরু করেছে। গ্রুপ লিগের প্রথম ম্যাচে বাংলা নাগাল্যান্ডকে ৪ -০ গোলে হারিয়ে দিয়েছে অসমের ঢেকুয়াখানা ফুটবল স্টেডিয়ামে। বিরতির সময় বাংলা এগিয়ে ছিল ২-০ গোলে। বাংলার পক্ষে রবি হাঁসদা,আকাশ হেমব্রম,আকিব নবাব ও সায়ণ ব্যানার্জি একটি করে গোল করে। বাংলার পরবর্তী খেলা আগামী ২৩ শে জানুয়ারি উত্তরাখন্ডের বিরুদ্ধে।

----------------------------

রাজ্যে সর্বত্র আগামী ৭ দিন আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পরবর্তী দুদিন উত্তর ও দক্ষিণবঙ্গে কোথাও কোথাও হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, দক্ষিণবঙ্গে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় পানাগড়ে ১১ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, উত্তরবঙ্গের কোচবিহারে ১০ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস ও কলকাতায় ১৫ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১.৩° বেশি। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি। আগামী ২৪ ঘণ্টার পূর্বাভাসে বলা হয়েছে রাতের সর্বনিম্ন তাপমাত্রায় কোনো হেরফের হবেনা, সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা যথাক্রমে ২৬ ও ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

---------------------------- ----------------------------